# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৫৭৯৭

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - নবী (সা.) -এর নামসমূহ ও গুণাবলি

اَلْفصْلُ الثَّالِثُ ( بَابِ أَسْمَاءِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصِفَاته)

আরবী

عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَفْلَجَ الثَّنِيَّتَيْنِ إِذَا تَكَلَّمَ رُئِيَ كَالنُّورِ يَخْرُجُ مِنْ بَيْنِ ثَنَايَاهُ. رَوَاهُ الدَّارِمِيّ

اسناده ضعيف جذا ، رواه الدارمى (1 / 30 ح 59) و الترمذى فى الشمائل (15 بتحقيقى) * فيه عبد العيزيز بن ابى ثابت الزهرى : متروک ۔
(ضَعِيف)

বাংলা

৫৭৯৭-[২২] ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) সামনের দাঁত দুটির মাঝে কিছুটা ফাঁক ছিল। যখন তিনি (সা.) কথাবার্তা বলতেন, তখন মনে হত যেন দু দাঁতের মাঝ দিয়ে আলো বিচ্ছুরিত হচ্ছে। (দারিমী)

ফুটনোট

খুবই যঈফ: ‘আবদুল আযীয ইবনু আবূ সাবিত আয যুহরী মাতরূক; দারিমী ৫৮, য'ঈফাহ্ ৪২২০, য'ঈফুল জামি' ৪৪৬৩, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩৭০০৭, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ১১২৩২, আল মু'জামুল কাবার লিত্ব তবারানী ১৫৪৮৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ثَنَايَا (أَفْلَجَ الثَّنِيَّتَيْنِ)বলা হয় মুখের সামনের, উপরের ও নীচের পাটিতে যে দু'টি চ্যাপ্টা দাঁত রয়েছে।

অনুরূপভাবে এ দুটি দাঁতের ডানে ও বামে যে দু' দু'টি দাঁত রয়েছে তাকে(رَبَاعِيَات) বলা হয়। অত্র হাদীস দ্বারা বুঝা যায় যে, রাসূলুল্লাহ (সা.) -এর দাঁতের মাঝে ফাঁকা ছিল সামান্যতম পরিমাণ। অন্য কোন কোন হাদীস হতে জানা যায় যে, রাসূলুল্লাহ (সা.) -এর সানায়া দাঁতের মাঝে ফাঁকা ছিল না।

(إِذَا تَكَلَّمَ رُئِيَ كَالنُّورِ) যখন তিনি (সা.) কথা বলতেন, তখন তার থেকে আলো বের হত। এর দু'টি কারণ বর্ণনা করা হয়েছে। (১ম কারণ) (وَجْهُهُ الْبَيَانُ) এর সাথে সাদৃশ্য প্রদান করা হয়েছে অর্থাৎ রাসূলুল্লাহ (সা.) -এর মুখমণ্ডলের অবস্থা বর্ণনা করা হয়েছে। (২য় কারণ) এখানে সাদৃশ্য দেয়া হয়নি। বরং রাসূলুল্লাহ (সা.) -এর মু'জিযাহ্ বর্ণনা করা হয়েছে। (মিরক্বাতুল মাফাতীহ)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85773

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন